# যীশু খ্রীষ্ট -৪




যীশুর প্রথম আশ্চর্যকাজের কিছুদিন পরেই, তিনি যিহুদিয়ার গ্রামের দিকে গেলেন।
লোকেরা তাঁকে অনুসরণ করা শুরু করল। তাঁর কথা শোনা শুরু করল।
এবং তাঁর শিষ্যরা সেই সকল লোকদের বাপ্তিস্ম দিচ্ছিল।
তুমি কি বিশ্বাস করতে পারছ আমরা এই কাজ করছি?
আমার মনে হচ্ছে... আমি এর যোগ্য নই...
আন্তরিকভাবেই যীশুর কাজ শুরু হয়েছিল।
আর সেটা কারও চোখে পড়েনি।
তাহলে তুমি কেন কর?
আমি জানি না! এর থেকেও বেশী গুরুত্বপূর্ণ হচ্ছে, যোহন এটা নিয়ে কি ভাবে ?
যর্দন নদীর অন্য পাড়ে...
গুরু! গুরু!
হ্যাঁ, হ্যাঁ, কি হয়েছে?
ইনিই সেই লোক যাকে আপনি যর্দনের অন্য পাড়ে বাপ্তাইজিত করেছিলেন!
তিনিও এখন বাপ্তাইজিত করছেন, গুরু!
সবাই আপনার থেকে, তাঁর কাছে বেশি যায়!
আপনি এই বিষয়ে কি করবেন?
আমি কীভাবে আপনাকে বোঝাই?






মথি ৪:১২; মার্ক ১:৪; লূক ৩:১৯-২০




মথি ৪:১২; মার্ক ১:১৪; লূক ৩:১৯-২০


গুরু,আপনি ফরিশীদের চিন্তিত করে তুলছেন।
তারা আপনার শিক্ষা বা তার সাথে যোহনের কোন সম্পর্ক থাকাটা পছন্দ করে না।
বিশেষ করে যখন থেকে যোহন রাজার আদেশে আটক হয়েছে তখন থেকেই!
রাজা হেরোদ আটক করেছেন।
একজন ভাববাদীর নিজের দেশে কোন সম্মানই নেই।
হয়ত আমাদের ফিরে যাওয়ার সময় এসেছে--
--গালীলের দিকে।"
তারা শমরিয়া প্রদেশের মধ্য দিয়ে গেলেন, আর সেটা ছিল শুখর নামের একটা নগরের কাছে, যেখানে, বহু বছর আগে, যাকোব তার ছেলে যোষেফকে একটি কূয়া দান করেছিলেন।
এখন সেই এলাকা শমরিয়দের, যারা যিহূদিদের বংশধর ছিল এবং তোরাহ পাঠ করতো কিন্তু যিহুদীদের ধর্ম অনুশীলন করতো না।
আমি ক্ষুধার্ত।
মুদ্রা তো মুদ্রাই, তাতে তুমি যিহূদিই হও বা শমরীয়, তাই নয় কি?
আমরা কি শহরের দিকে যাব? দেখি এই শমরীয়েরা আমাদের কাছে কোন খাবার বিক্রি করে কিনা?
আমি এখানে অপেক্ষা করছি। আমার ক্লান্ত পা দুটির বিশ্রাম প্রয়োজন।
দুই জাতির মধ্যে এই ধর্মীয় পার্থক্য তাদের মধ্যে অনেক হিংসা এবং অবিশ্বাসের কারণ হয়ে দাঁড়িয়েছিল।
তুমি কী আমাকে এই কূয়া থেকে জল পান করতে দেবে?
আমি? আপনি একজন শমরিয়ের কাছে জল চাইছেন?
"তুমি যদি জানতে ঈশ্বররে দান কি আর কে তোমার কাছে জল চাইছেন তবে তুমিই তাঁর কাছে জল চাইতে
আর আমি তোমাকে জীবন্ত জল দিতাম।


মহাশয় ,এই কূয়াটি বেশ গভীর।
আপনি এই কূয়া থেকে পাত্র এবং দড়ির সাহায্য ছাড়া একটুও জল পাবেন না!
নাকি আপনি নিজেকে বিশেষ কিছু ভাবছেন?
আপনি আমাদের পূর্বপুরুষ যাকোবের চেয়েতো বড় নন। এই কূয়া তিনিই আমাদের দিয়েছেন। তিনি নিজে ও তাঁর ছেলেরা এই কূয়ার জলই খেতেন আর তাঁর পশুপালও খেত।”
যাকোব এই কূয়া থেকে জল পান করতেন, কিন্তু পরে আবারও তার পিপাসা পেত ।
যে কেউ এই জল খায় তার আবার পিপাসা পাবে।
কিন্তু আমি যে জল দেব, যে তা খাবে তার আর কখনও পিপাসা পাবে না।
সেই জল তার অন্তরের মধ্যে উথলে ওঠা ফোয়ারার মত হয়ে অনন্ত জীবন দান করবে!
আমাকে তবে সেই জল দিন যেন আমার পিপাসা না পায় আর জল তুলতে এখানে আসতে না হয়।
যাতে সেই খারাপ দৃষ্টিতে দেখা লোকদের মধ্য দিয়ে জোর করে আসতে না হয়...
ঘরে যাও।
তোমার স্বামীকে এখানে নিয়ে আস।
আমি... আমার তো কোন স্বামী নেই।
তুমি ঠিকই বলেছ।
তোমার পাঁচজন স্বামী ছিল, আর এখন তুমি যার সাথে থাক সে তোমার স্বামী নয়।
আপনি... কী কোন ভাববাদী?


আপনি একজন ভাববাদী, তাই না? একজন যিহূদী ভাববাদী।
আপনারা বলে থাকেন যিরুশালেমেই লোকদের উপাসনা করা উচিৎ-
হে নারী শোন...
কিন্তু এই পর্বতে? না যিরুশালেমে?
একমাত্র পার্থক্য হচ্ছে যে তোমরা জান না তোমরা কার উপাসনা করে থাক, কিন্তু আমরা যা জানি তারই উপাসনা করি, কারণ পাপ থেকে উদ্ধারের উপায় যিহূদীদের মধ্য থেকেই এসেছে।
পিতা চান যেন লোকেরা আত্মায় ও সত্যে তাঁর ভজনা করে! আসল আরাধনাকারী!
আমি জানি মশীহ, যাঁকে খ্রীষ্ট বলা হয়, তিনি আসছেন, তিনি যখন আসবেন তখন সবই আমাদের জানাবেন।
আমিই তিনি।
যিনি তোমার সঙ্গে কথা বলছেন।
গুরু, কেন আপনি ওর সঙ্গে কথা বলছেন?
আমরা আপনার জন্য কিছু খাবার নিয়ে এসেছি।
আমার খাবার আছে। সেই খাবারের বিষয়ে তোমরা কিছুই জান না।
অন্য কেউ কি ওনাকে খাবার এনে দিয়েছে?
এই মহিলাই দিল নাকি ?
বন্ধুরা, আমার খাবার---
--হলো যিনি আমাকে এখানে পাঠিয়েছেন তাঁরই ইচ্ছা পালন করা!
একজন কৃষক, জমি চাষ করার পর, ফসল পাবার সময় পর্যন্ত অপেক্ষা করে, তাই না?
আমি তোমাদের বলছি, চোখ তুলে একবার ক্ষেতের দিকে তাকিয়ে দেখ!


ফসল কাটার সময় হয়েছে!
আমি আসার আগে যে ফসল বোনা হয়েছিল তা এখন তোলার সময় হয়েছে!
তিনি আমার বিষয়ে সবই বলে দিয়েছেন! আমার পাপও!
এমনকি যেসব বিষয় তোমরাও জানতে না!
ঈশ্বর চান যেন তাঁর উপাসনাকারীরা আত্মায় এবং সত্যে উপাসনা করে!
আমি বুঝিয়ে বলব...
যীশু সেখানে দুই দিন থাকলেন, আর শুখর শহরের অনেক লোক তাঁর প্রতি বিশ্বাস আনল।
তখন যীশু আবার, গালীলের পথে চললেন।
সময় এসে গেছে!
স্বর্গরাজ্য কাছে এসে গেছে এবং তোমাদেরকে অনুতাপ করতে হবে।
অনুতাপ কর এবং বিশ্বাস আন!
আর, সেখানে তিনি গালীলীয়দের দ্বারা উষ্ণ অভ্যর্থনা পেলেন।
তিনি সারা শহর জুড়ে এবং তাদের সমাজ গৃহে শিক্ষা দিতে লাগলেন।
আর সেখানে তিনি তাঁর দ্বিতীয় আশ্চর্যকাজ করলেন।
মহাশয়!
শুনুন!
আমি হেরোদ আন্তিপাসের রাজকর্মচারী! আমি কফরনাহুম থেকে এসেছি!
আমি আপনার কাজ সম্বন্ধে শুনেছি এবং--
আপনি যোহনের মত যীশুকে আটক করতে পারবেন না!
আপনি ভুল বুঝছেন!
যোহন ৪:২৮-৪৫


আমি আপনার বিষয়ে শুনেছি!
আর যখন আমি শুনেছি আপনি এখানে আছেন, আমার দেখা করার প্রয়োজন ছিল।
আমার ছেলেটা অনেক দিন ধরে অসুস্থ আর সে যেকোন সময়ে মারা যেতে পারে!
দয়া করে, আমার ছেলেকে সুস্থ করুন!
কোন চিহ্ন বা আশ্চর্য কাজ না দেখলে আপনারা কোনভাবেই বিশ্বাস করবেন না?
দয়া করে আমার ছেলেটি মারা যাবার আগেই আসুন!
সে জ্বরে আক্রান্ত এবং তার আর বেশী সময় নেই!
আপনি যান! আপনার ছেলেটি বাঁচলো।
মহাশয়?
সে বাঁচল!
আর ছেলেটি সুস্থ হয়ে গেল যেমনটা যীশু বলেছিলেন ।
যীশু যে মুহূর্তে বলেছিলেন সেই সময়েই তার ছেলে সুস্থ হল।



যোহন ৪:৪৬-৫৪


কিছুদিনের মধ্যেই, যীশু নাসরতে ফিরে গেলেন।
বিশ্রামবারে, তিনি উপাসনার জন্য সমাজগৃহে গেলেন, যে সমাজগৃহে তিনি ছোটবেলায় বেড়ে ওঠাকালীন সময়ে যেতেন।
তার ছোটবেলায় যে মানুষদের সাথে তিনি উপাসনা করতেন সেই একই মানুষদের সাথে।
স্বাগতম, যীশু, যোষেফের পুত্র!
আপনি কি আমাদের জন্য শাস্ত্র থেকে পাঠ করবেন?
হ্যাঁ, অবশ্যই।
তাকে যে শাস্ত্রটি দেয়া হয়েছিল সেটা ছিল যিশাইয় ভাববাদীর!
"প্রভুর আত্মা আমার উপরে আছেন; কারণ তিনিই আমাকে নিযুক্ত করেছেন যেন আমি গরীবদের কাছে সুখবর প্রচার করি।
তিনি আমাকে বন্দিদের কাছে স্বাধীনতার কথা, অন্ধদের কাছে দেখতে পাবার কথা ঘোষনা করতে পাঠিয়েছেন।
প্রথানুযায়ী, লোকেরা অপেক্ষা করছিল।
পাঠ শেষে, পাঠককে সেই পাঠ থেকে লোকদেরকে শিক্ষা দিতে হত।
পবিত্র শাস্ত্রের এই কথা আজ শুনলেন।
এই কথা আজ শুনবার সঙ্গে সঙ্গেই পূর্ণ হল।
কি?
মথি ৩:২৩-২৫; মার্ক ১:৩০; লূক ৪:১৬-২১,৪৪


সে কি বলছে?
আমি যা ভাবছি সে কি সেটাই বলছে?
এ তো যোষেফের ছেলে, তাই না?
আমি জানি আমি কফরনাহূমে যা করেছি আপনারা আমার কাছ থেকে সেটাই আশা করছেন।
আমি নাসরতের থেকে দূরে গিয়ে যা করেছি তা আমি যেন আমার নিজ শহরে করি তা আপনারা চেয়েছেন।
কিন্তু শুনুন! কোন কোন নবীকেই তাঁর নিজ গ্রামের লোক গ্রাহ্য করে না।
দুর্ভিক্ষের সময় এলিয়কে ইস্রায়েলের অনেক বিধবার কাছে পাঠানো যেত!
কিন্তু তা না করে তাকে সারিফত গ্রামের একজন বিধবার কাছে পাঠানো হয়েছিল, তাকে অলৌকিকভাবে খাওয়ানোর জন্য!
নবী ইলিশায়ের সময়ে ইস্রায়েলে অনেক চর্মরোগী ছিল,কিন্তু তাদের কাউকে সুস্থ করা হয়নি!
কেবল সিরিয়া দেশের নামানকেই কেবল সুস্থ করা হয়েছিল!
লূক ৪:২২-৩০
তোমার এভাবে বলার সাহস কি করে হল!
আমাদেরকে এভাবে নিন্দা করছ!
তাকে এখান থেকে বের কর!
তাকে এই শহর থেকে বের কর!


নবীকে তাঁর নিজ গ্রামের লোক গ্রাহ্য করে না?
হয়ত তারা অসম্মানের কাজ করে এই জন্য!
তাকে পাহাড়ের চূড়ায় নিয়ে চল!
এই ধর্মান্ধকে ফেলে দাও!
তাকে ওখান থেকে ফেলে দাও—দাঁড়াও, কি?
সে কোথায়?
সে তো আমার হাতেই ছিল…
অসম্ভব!
সে কোথায় গেল?
যীশু?
কিভাবে--?
আমাদের এখান থেকে চলে যাবার সময় হয়েছে…

লূক ৪:২২-৩০






মথি ৪:১৮-২২; মার্ক ১:১৪-২০; লূক ৫:১-১১


একটু গভীর জলে গিয়ে জাল ফেল।
দেখি তুমি কি পাও।
গুরু, সারারাত ধরেই চেষ্টা করেছি কিন্তু কিছুই পাই নি!
নিশ্চিতভাবেই আমরা এই দুপুর বেলায় কিছুই পাব না!
আচ্ছা ! ঠিক আছে! চল জাল ফেলি!
আপনার কথাতেই আমি জাল ফেলবো।
ভাইয়েরা, চল!
তিনি আমাদের কাছ থেকে কি ধরার আশা করছেন?
তুমি কি কিছু বুঝতে পারছো?
বুঝতে পারছি—ও—ওহো . . .
এই, তোমরা! এই দিকে আস!
আমাদেরকে সাহায্য কর!




মথি ৪:১৮-২২; মার্ক ১:১৪-২০; লুক ৫:১-১১


তীর থেকে কিছুটা দূরে...
আন্দ্রিয়, তুমি কোথায় যাচ্ছো?
আমরা শুনলাম যে তুমি গত রাতে নাকি অনেক মাছ শিকার করেছ!
আমরা শুনলাম যে তুমি গত রাতে নাকি অনেক মাছ শিকার করেছ!
গুরু! তার জন্যই সবকিছু সম্ভব হয়েছে!
গুরু।
আমি তার অলৌকিক কাজ...এবং শিক্ষা সম্বন্ধে শুনেছি...
তার মত একজনকে অনুসরণ করা খুবই...দারুণ হবে।
তোমরা দু'জন, আস!
আমার সাথে আস!
ছেলেরা, যাও!
তাড়াতাড়ি!
এই ব্যক্তির কথা ও কাজ, উভয় ক্ষেত্রেই ক্ষমতা আছে!
আর তাই, তারাও, তাকে অনুসরণ করল।
মথি ৪:১৮-২২; মার্ক ১:১৪-২০; লূক ৫:১-১১






মার্ক ১:২১-২৮; লূক ৪:৩৩-৩৭




মথি ৮:১৪-১৭; মার্ক ১:২৯-৩৪; লূক ৪:৩৮-৪১






মার্ক ১:৩৫-৩৯; লূক ৪:৪২-৪৪


লোকটির কুষ্ঠরোগ ছিল, এটি এমন একটি রোগ যা দেহকে বিকৃত করে এবং স্নায়ুতন্ত্র এবং অভ্যন্তরীণ অঙ্গগুলিকে ক্ষতি করতে পারে।
এই সমস্ত ক্ষতিগ্রস্ত লোকেরা ব্যথা এবং সমাজ থেকে বিচ্ছিন্নতার মুখোমুখি হয়েছিলো, তাদের সমাজ এই রোগ সংক্রমণের ভয় করত।
প্রভু. . .
. . . আপনি যদি চান, দয়া করে. . .
. . . আমাকে শুচি করুন!
দয়া করুন।
আমি করতে চাই।
সুস্থ হও।
মথি ৮:২-৪; মার্ক ১:৪০-৪৪; লূক ৫:১২-১৪



আমি. . .
আমি . . . ওহ, ধন্যবাদ আপনাকে!
ধন্যবাদ!
এখন যাও!
পুরোহিতের কাছে গিয়ে নিজেকে দেখাও। তার পর শুচি হওয়া সম্বন্ধে মোশি যা উৎসর্গ করবার আদেশ দিয়েছেন তা উৎসর্গ কর।
আর আমি যে তোমাকে সুস্থ করেছি এটা তুমি কাউকে বলবে না!
হ্যাঁ মহাশয়! হ্যাঁ মহাশয়!
লোকটি তার সাথে যা ঘটল এবং কে তাকে সুস্থ করেছে এই বিষয়ে সবাইকে বলল।
এই খবর আরও দ্রুত ছড়িয়ে পড়ল।
শিমোন, তুমি কি ওনার শিক্ষাগুলো শুনেছ?
আমি শুনেছি তিনিই নাকি সেই প্রতিজ্ঞাত মসীহ্! এমনকি তিনি নিজেও , এটা দাবি করেন!
লোকেরা বেশ সহজেই একটা কথা বলে ফেলে, যিহুদা, তাঁর কার্যকলাপে আমি আরও উৎসাহী!
যদি কোন সময়ের বিষয় থাকে যখন আমাদের একজন মশীহের প্রয়োজন, এখন সেই সময়!
তুমি ঠিকই বলেছ, শিমোন।
যেহেতু যীশু শহর থেকে শহরে প্রচারকাজ করছিলেন, তাই লোকেরাও তাকে অনুসরণ করছিল।
এতে করে, নিরব পরিবেশে প্রার্থনা করার জন্য তিনি তেমন কোন জায়গা খুজে পেলেন না।


লূক ৫:১৫-১৬


পরে, কফরনাহুমে শিক্ষা দেয়ার সময়, কিছু স্থানীয় ফরিশী এবং আইনের শিক্ষকেরা যীশুর শিক্ষা শুনতে আসল।
এছাড়াও সারা শহরের লোকেরাও তাঁর শিক্ষা শুনতে এসেছিল।
আমরা যদি চারপাশের ভিড়ের মধ্যে দিয়ে না যেতে পারি তবে যীশু কীভাবে আমাদের বন্ধুকে সুস্থ করবেন?
সমস্যা নেই, বন্ধুরা, তোমরা চেষ্টা করেছ. . .
না!
আমরা তো লোকদের ভীড় ঠেলে যেতে পারব না? তাহলে আমরা এর উপর দিয়ে যাব।
কি?
আমাদের কিছু যন্ত্রপাতি লাগবে।
আর দড়িও!
কি?!?
ঈশ্বরের রাজ্য খুব কাছেই, কিন্তু পিতা দয়াময় এবং ক্ষমাশীল।
তোমাদেরও, অবশ্যই দয়ার মনোভাব থাকা উচিত।
তোমাদেরও, অবশ্যই ক্ষমা করা উচিত।
আর পিতাও তা করবেন--
কী হচ্ছে?


আমাদের বন্ধু আপনাকে দেখতে চেয়েছিল, যীশু!
সে বিশ্বাস করে আপনি তাকে সুস্থ করতে পারবেন!
আর এটাই হল বিশ্বাস!
বন্ধু আমার, তোমার পাপ ক্ষমা করা হল।
ওহ, যীশু... ধন্যবাদ...
কি?
তোমার এই ঈশ্বর নিন্দা করার সাহস কে দিল?
শুধুমাত্র ঈশ্বরই পাপ ক্ষমা করতে পারেন!!!
তুমি কেন এই ভন্ডামী করছো?
কোনটা বলা সহজ?
"তোমার পাপ ক্ষমা করা হল" নাকি "তুমি ওঠ আর হেঁটে বেড়াও"?
আমি বুঝতে পারছি না... তুমি কি বলছ?
আমিই সেই, মনুষ্যপুত্র, আর আমার পাপ ক্ষমা করার অধিকার আছে।
আমি তোমাকে বলছি, ওঠো, তোমার বিছানা তুলে নিয়ে বাড়ী চলে যাও!
আমি... আমি পারছি!
ওহ, কতদিন পর আমি হাঁটতে পারছি! ধন্যবাদ!
আজকে, আমরা আশ্চর্য কিছুর সাক্ষী হলাম!
অবিশ্বাস্য!
আসলেই অবিশ্বাস্য! এই কারণেই আমরা এই লোকটিকে অনুসরণ করছি, বুঝলে থোমা!



পরে, যখন যীশু কফরনাহূমের দিকে যাচ্ছিলেন.
...যে রোমীয়দের জন্য তুমি কাজ করছো তাদের চেয়ে তুমি বেশী ভাল নও, মথি!
আমি আপনাকে আশ্বাস দিতে পারি যে, আমি সততার সাথে আমার কাজ করি।
আমি জানি তোমাদের কর আদায়কারীরা আমারি কাছে থেকে অতিরিক্ত টাকা নিয়েছে, কিছু নিজেদের জন্য আর কিছু তোমার জন্য।
চোরেরা চোরদের জন্য কাজ করছে -
তুমি কি দেখছ?
ইনিই তিনি, তাই না? যীশু, একজন গুরু এবং আরোগ্যদাতা।
বাহ্! তিনি একজন পবিত্র ব্যক্তি আর তোমাকে দিয়ে ওনার কোন লাভই হবে না!
তুমি। এস আমার শিষ্য হও।
আমার কি হবে?
আমার টাকা-পয়সার কি হবে?
আমার সহকর্মীরা . . . তোমাকে সাহায্য করবে!
আমি মথি! আমি এই লোকটির সম্বন্ধে অনেক কিছু শুনেছি!
আমি মথি, আর এই সবকিছুই সত্য!
আমি বর্‌শাব্বা । আমরা বেশ কিছুদিন ধরে যীশুকে অনুসরণ করছি! এটা বেশ রোমাঞ্চকর!






মথি ৯:১০-১৫; মার্ক ২:১৫-২০; লূক ৫:২৯-৩৫


কেউ পুরোনা জামায় নতুন কাপড়ের তালি দেয় না!
যদি দেয়, তবে সেই পুরোনো কাপড় থেকে নতুন তালিটা ছিঁড়ে আসে। তাতে সেই ছেঁড়া আরো বড় হয়।
পুরোনো কাপড় ইতোমধ্যেই গুটিয়ে গেছে, কিন্তু যখন নতুন কাপড়ের জোড়া দেয়া হয় তখন তা গুটিয়ে গেলে সেটা সেই জোড়াটিকে আরও খারাপ করে তোলে!
পুরোনো চামড়ার থলিতে কেউ টাটকা আঙ্গুর রস রাখে না, রাখে কি?
না!রাখলে থলিগুলো ফেটে গিয়ে সেই রস পড়ে যায়।
আর আঙ্গুর রস ও থলি উভয়ই নষ্ট হয়।
তার পরিবর্তে, যদি তুমি টাটকা আঙ্গুর রস নতুন চামড়ার থলিতে রাখ, তাহলে সেগুলো ঠিকভাবেই থাকবে।
কিন্তু যারা পুরোনো আঙ্গুর রস পান করে তাদের টাটকা আঙ্গুর রস পছন্দ না।
তারা বলে, "আঙ্গুর রসই বেশি সুস্বাদু."
এর পরে, যীশু সেই সব কাজ এবং কথা বলতে লাগলেন যেগুলো ফরিশীদেরকে বিষন্ন করে তুলছিল।
যেমন এক বিশ্রামবারের দিন, যখন যীশু বৈথেসদা এক পুকুরের কাছে আসলেন, যেটিকে আরোগ্যদায়ী স্থান বলে বিশ্বাস করা হতো।
শুভ দিন, বন্ধু। তুমি কিসের জন্য অপেক্ষা করছ?
তুমি এখানে আছ আর তুমি জান না?
কেউ কেউ বলে এই জল, যখন কাঁপবে, সেটাই তোমাকে সুস্থ করবে!
তুমি কি সুস্থ হতে চাও?
আমি? আমি আটত্রিশ বছর ধরে হাঁটতে পারি না!
কিন্তু প্রতি বার যখন জল কাঁপে, আমার আগে অন্য একজন সেখানে গিয়ে পৌঁছায়!
ওঠ। তোমার মাদুর তুলে নাও। হেঁটে বেড়াও।
আপনি পেরেছেন! আমি সুস্থ হয়েছি!
আমার পরিবারকে দেখাতেই হবে!


ধন্যবাদ!অসংখ্য ধন্যবাদ!
বন্ধু, আর পাপ করো না!
তুমি কি করছ?
এটা বিশ্রামবার! বিশ্রাম নেয়ার দিন!
নিজের মাদুর তুলে নেয়ার বিষয়টি ঈশ্বরের আইনের বিরোধী!
কিন্তু লোকটি আমাকে আমার মাদুর তুলে নিয়ে হেঁটে বেড়াতে বলেছে! আমি হাঁটতে পারছি! আমি পারছি-
তুমি বিশ্রামবারেই কেন এই সব কাজ করছ?
আমার পিতা বিশ্রামবারে কাজ করেন, তাই, আমিও করছি।
পিতা যা করেন পুত্রও তাই করেন। এমনকি মৃতকে জীবন দেন!
তুমি কি বলতে চাও তুমি ঈশ্বরের পুত্র? আর তুমি তাঁর সমতূল্য?
যদি আমি আমার নিজের সম্বন্ধে বলি, তাহলে আপনারা বিশ্বাস করবেন না।
কিন্তু বাপ্তিস্মদাতা যোহন আমার বিষয়ে বলেছেন।
অবশ্যই, এখানে আমার বিষয়ে অনেক শক্তিশালী সাক্ষ্য আছে: ঈশ্বর নিজে, শাস্ত্রের মধ্য দিয়ে তা বলেছেন।
কিন্তু আপনারা এটা দেখতে অস্বীকার করেন।
তার পরিবর্তে, আপনারা শাস্ত্র অধ্যয়ন করেন অন্যের দোষ ধরার জন্য, আর মোশীর সেই একই আইন আসলে আপনাদেরকেই দোষারোপ করছে!
আপনারা বলেন আপনার মোশীকে বিশ্বাস করেন, যদি তা করতেন তাহলে আমাকেও বিশ্বাস করতেন।
তিনি আমার বিষয়েই লিখেছেন!
কিন্তু যখন তার লেখায় আপনারা বিশ্বাস করেন না, তখন কেমন করে আমার কথায় বিশ্বাস করবেন?




মথি ১২:১-১৪; মার্ক ২:২৩-২৮; মার্ক ৩:১-৬; লূক ৬:১-১১


এটা জানতে পেরে, যীশু সেখান থেকে চলে গেলেন।
যেন যিশাইয় ভাববাদীর মসীহের বিষয়ে এই ভাববাণী পূর্ণ হয়:
ইনিই আমার প্রিয়জন, যাঁর উপর আমি সন্তুষ্ট। আমি তাঁর উপরে আমার আত্মা দেব ... আর তাঁর নামে সকল জাতি, এমনকি অযিহুদীরাও, আশা রাখবে।"
আর একদিন, সারারাত একটি পাহাড়ে একা প্রার্থনা করার পরে, যীশু বারো জন ব্যক্তিকে তাঁর শিষ্য হিসেবে মনোনীত করলেন।
শিমোন, যাকে যীশু পিতর নামে ডাকতেন।
আন্দ্রিয়, যে ছিল পিতরের ভাই।
যাকোব--
আর যোহন, যারা হলো সিবদিয়ের ছেলে।
ফিলিপ।
কান্না নগরের নথনেল, যাকে বর্থলময় বলা হয়।
থোমা, যাকে দিদুম বলা হয়, যার অর্থ হল "জমজ"।
মথি, যাকে লেবী বলা হয়, একজন করগ্রাহী।
আলফেয়ের ছেলে যাকোব
মৌলবাদী শিমোন।
যিহূদা, যাকে লেবী থদ্দেয় বলা হয়।
JUDAS ISCARIOT.
এরাই হলেন যীশুর শিষ্য যাদেরকে প্রচার করা এবং আরোগ্য করার এবং মন্দ আত্মা দূর করার ক্ষমতা দেয়া হয়েছিল।
মার্ক ৩:১৩-১৯; লূক ৬:১৩-১৬

"THE BIBLE EXPLAINED IN EVERY LANGUAGE."





SUPERBIBLE.TV